

কর্মক্ষেত্রে মহিলারা

Never Stand Still

Law

Kingsford Legal Centre

মে তার চাকরি হারিয়েছে

মে একটি হোটেলে ক্লিনার হিসেবে কাজ করে। একদিন কাজে গেলে তার বস তাকে বলল তিনি তাকে ঠিকমত কাজ না করার জন্য 'সাবধান' করে দিচ্ছে। মে এর আগে কখনো কোনো সাবধানবাণী পায়নি। মে তার চাকরি নিয়ে চিন্তিত হয়ে পড়ল এবং বুঝতে পারল না সে কী ভুল করেছে।

পরদিন মের বস তাকে বলল তার চাকরি আর নেই, এবং তাকে ঐ জায়গা থেকে চলে যেতে হবে। মে খুবই বিত্রান্ত হলো কারণ সে তার কাজ ভাল করার কোনো সুযোগই পায়নি এবং বসকে তার সমস্যার কথা বলতে পারেনি।

মে কী করতে পারে?

বরখাস্ত তখনই ঘটে যখন আপনার নিয়োগকর্তা আপনাকে বলবেন যে তাদের সাথে আপনার আর কোনো কাজ নেই। নিয়োগকর্তারা কর্মীদের ছাটাই করতে পারেন যদি তারা তাদের কাজ ঠিকমত করছে না এই মর্মে সাবধান করে দেওয়ার পরও তাদের কাজের উন্নতি না হয়, কিংবা যদি তারা বেআইনি কিছু করে, যেমন কর্মস্থল থেকে কোনো কিছু চুরি করা।

আপনি যদি কর্মস্থলে ভুল কিছু করেন তাহলে সাধারণত আপনাকে বলতে হবে আপনি কী ভুল করেছেন এবং কাজ ভাল করার জন্য আপনাকে কী করতে হবে। আপনার কী সমস্যা তা বলার জন্যও আপনাকে একটি সুযোগ দিতে হবে। যেভাবে মে তার চাকরি হারিয়েছে তা হয়তো অন্যায় কারণ তাকে ব্যাখ্যা করে বলার সুযোগ দেওয়া হয়নি এবং সাবধান করে দেওয়ার পর কাজের উন্নতি ঘটানোর জন্য কোনো সময়ই দেওয়া হয়নি।

আপনি যদি চাকরি হারিয়ে থাকেন এবং যদি মনে করেন এটি ন্যায্য ছিল না, তাহলে **ফেয়ার ওয়ার্ক কমিশনে অবৈধভাবে বরখাস্তের** জন্য একটি অভিযোগ দায়ের করতে পারেন। আপনি যদি অবৈধ বরখাস্তের অভিযোগ দিতে চান, তাহলে আপনাকে চাকরি হারানোর ২১ দিনের মধ্যে তা করতে হবে। এই সময়সীমা মেনে চলা খুবই গুরুত্বপূর্ণ, অন্যথায় ফেয়ার ওয়ার্ক কমিশন হয়তো আপনার কেসের সুরাহা করতে পারবে না। ফেয়ার ওয়ার্ক কমিশনের ওয়েবসাইট www.fwc.gov.au থেকে আপনি আবেদন পত্রের একটি কপি পেতে পারেন।

এই সংস্থাগুলো থেকে আপনি বিনামূল্যে আইনি সহায়তা পেতে পারেন:

কিংসফোর্ড লিগ্যাল সেন্টার - ৯৩৮৫ ৯৫৬৬ অথবা ১৩০০ ৭২২ ৭৯৫ নম্বরে যোগাযোগ করুন
লিগ্যাল এইড নিউ সাউথ ওয়েলস - www.legalaid.nsw.gov.au অথবা Law Access এর সাথে যোগাযোগ করুন

ল অ্যাকসেস - ১৩০০ ৮৮৮ ৫২৯ অথবা আপনার শ্রবণ/কথা বলায় সমস্যা থাকলে ১৩০০ ৮৮৯ ৫২৯ নম্বরে যোগাযোগ করুন

